

2021
BENGALI
[GENERAL]
Paper : III

Full Marks : 100

Time : 3 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : ১×৬=৬
- ক) বাংলা কাব্যে ‘সনেট’-এর প্রথম সার্থক স্রষ্টা কে?
- খ) বঙ্কিমচন্দ্রের ‘রজনী’ উপন্যাসে কোন্ বিদেশি উপন্যাসের প্রভাব পড়েছে?
- গ) ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) কী নামে প্রথম প্রকাশিত হয়?
- ঘ) ‘নবান্ন’ নাটকটি ক’টি অঙ্কে বিন্যস্ত?
- ঙ) ট্র্যাজেডি শব্দটির আভিধানিক অর্থ কী?
- চ) ‘চাঁপাই কেবল এ বিবাহে অসম্মত।’
— এখানে কার বিবাহের কথা বলা হয়েছে?
- ছ) রবীন্দ্রনাথের ‘সৃষ্টি’ প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- জ) ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

- ২। যে-কোনো এগারোটি প্রশ্নের উত্তর দাও : ২×১১=২২
- ক) লোকসাহিত্যের যে কোনো দুটি ধারার কথা উল্লেখ করো।
- খ) “বড়ো সাহিত্যের একটা গুণ হচ্ছে অপূর্বতা, ওরিজিন্যালিটি।”
— এখানে ‘ওরিজিন্যালিটি’ বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন?
- গ) “এ যেন তিন বাপ-ব্যাটার কে কতখানি হাঁ করিতে পারে, তারই লড়াই চলিতেছে।”
— এখানে ‘তিন বাপ-ব্যাটা’ বলতে কাদের কথা বোঝান হয়েছে?
- ঘ) “সে দিনটা আমার খুব মনে পড়ে।” — কার কোন্ দিনের কথা মনে পড়ে?
- ঙ) “তোমাকে স্নেহ করিলে আমি অধর্মে পতিত হইব।”
— এখানে কাকে স্নেহ করলে কে অধর্মে পতিত হবে?
- চ) ‘নবান্ন’ নাটকে উল্লেখিত ‘গাতায়’ খাটা ব্যাপারটি কী?
- ছ) পত্রকাব্য বলতে কী বোঝ? একটি বাংলা পত্রকাব্যের নাম উল্লেখ করো।
- জ) প্রাচীন ও আধুনিক গীতিকবিতার দুটি পার্থক্য লেখো।
- ঝ) একটি জাতীয় মহাকাব্য ও একটি সাহিত্যিক মহাকাব্য-র নাম লেখো।
- ঞ) দুটি সার্থক বাংলা কমেডির নাম লেখো।
- ট) “ভারতরক্ষা-বিধানে লটকে যাবে যে বাবা।”
— উক্তিটির বক্তা কে? ‘ভারতরক্ষা-বিধান’টি কী?

- ঠ) “সাহিত্যের বিষয়টি ব্যক্তিগত, শ্রেণীগত নয়।”
— প্রাবন্ধিক এখানে ‘ব্যক্তিগত’ বলতে কী বুঝিয়েছেন?
- ড) ‘যেন ভস্মাচ্ছাদিত বহিঃ!’
— কার সম্পর্কে, কেন এমন মন্তব্য করা হয়েছে?
- ঢ) ‘রজনী’ উপন্যাসে সন্ন্যাসীর পরিচয় দাও।
- ৩। যে-কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি বিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর দিতে হবে) : $৬ \times ৭ = ৪২$

বিভাগ-ক

- অ) “... সাহিত্যের বিচার হচ্ছে সাহিত্যের ব্যাখ্যা, সাহিত্যের বিশ্লেষণ নয়।”
— মন্তব্যটির সারসভা বিচার করো।
- আ) সংক্ষেপে আলোচনা করো :
সনেট অথবা কমেডি
- ই) ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করে কমেডির সঙ্গে এর পার্থক্যগুলি লেখো।

বিভাগ-খ

- অ) উপকাহিনীর তাৎপর্য আলোচনাপূর্বক ‘রজনী’ উপন্যাসে ‘লবঙ্গলতা – অমরনাথ’ উপকাহিনীর শৈল্পিক গুরুত্ব কতটা তা আলোচনা করো।
- আ) “... কিন্তু এত বড় মহাপ্রাণ ত আর কখনও দেখিতে পাই নাই!”
— এখানে কার কথা বলা হয়েছে? বক্তার এমন উপলক্ষের কারণ কী? ঘটনার ধারা অনুসরণে তা আলোচনা করো।

বিভাগ-গ

- অ) ‘শ্রীকান্ত’ (১ম পর্ব) অবলম্বনে অন্নদাদিদির চরিত্র আলোচনা করো।
- আ) হীরালাল চরিত্রটির সম্যক পরিচয় দাও।

বিভাগ-ঘ

- অ) “জোর, জোর প্রতিরোধ, প্রধান এবার জোর প্রতিরোধ...।”
— এই উক্তির আলোকে বক্তার চরিত্রকে পরিস্ফুট করো।
- আ) ‘নবান্ন’ নাটকে উল্লেখিত যে-কোনো দুটি নারী চরিত্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৩ = ৩০$
- ক) মহাকাব্য কাকে বলে? মহাকাব্যের বৈশিষ্ট্য আলোচনা করে দৃষ্টান্তসহ আদি (জাতীয়) মহাকাব্য ও সাহিত্যিক মহাকাব্যের সাদৃশ্য ও বৈসাদৃশ্য সূত্রাকারে দেখাও।
- খ) ‘রজনী’ উপন্যাসে রজনী চরিত্রের মধ্যে যে নারী মনস্তত্ত্ব ফুটে উঠেছে তা উপন্যাস অবলম্বনে আলোচনা করো।
- গ) ‘কবির কৈফিয়ৎ’ প্রবন্ধে রবীন্দ্রনাথের জীবনদর্শন সম্পর্কে যে সম্যক পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।
- ঘ) ‘শ্রীকান্ত’ উপন্যাসে শ্রীকান্ত চরিত্রের উপর অন্যান্য চরিত্রের প্রভাব আলোচনা করো।
- ঙ) রবীন্দ্রনাথ আধুনিক সাহিত্যে ‘দারিদ্রের আস্থালন’ ও ‘লালসার অসংযম’ দেখেছেন।— ‘সাহিত্যে নবত্ব’ প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের এরূপ ভাবনার যথার্থতা বিচার করো।